



বাংলাদেশ কৃষি ব্যাংক

Phone : 9553637

bkb@intechworld.net

প্রধান কার্যালয়, ঢাকা

www.krishibank.org.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৩) অংশ-৬/২০১৬-২০১৭/ ৪৫৭৫

তারিখ : ০৭.০৫.২০১৭খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী  
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক কারণে আর্থিক সাহায্যের আবেদন।

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, পটুয়াখালী শাখা, পটুয়াখালী এর দপ্তরী জনাব আবু হানিফ রেজা (এ-৩৮২৩) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের জন্য একটি আবেদন করেছেন।

০২। উক্ত আবেদনে দেখা যায়, জনাব আবু হানিফ রেজা গত ২০১৪ সাল থেকে ডায়াবেটিস ও হার্টের রোগে ভোগছেন। তিনি পটুয়াখালী, বরিশাল ও ঢাকার বিভিন্ন হাসপাতাল ও ক্লিনিকে চিকিৎসা গ্রহণ করে প্রায় ২ (দুই) লক্ষ টাকা ব্যয় করেছেন। বর্তমানে তার হার্টে ৫ টি ব্লক ধরা পড়ায় বাইপাস সার্জারীর জন্য জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটে ভর্তি আছেন। চিকিৎসা বাবদ প্রায় ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা খরচ হবে। ইতোমধ্যে প্রায় ৩ লক্ষ টাকা খরচ করেছেন, যা তিনি ধার-দেনা ও ব্যাংক ঋণ করে পরিশোধ করেছেন এবং আরও প্রায় ৩ হতে ৪ লক্ষ টাকা প্রয়োজন মর্মে তিনি আবেদনে উল্লেখ করেছেন। সংসারের ৫ সদস্যের ভরন-পোষণ ও লেখাপড়ার খরচ চালানোর পর তার নিজের চিকিৎসা খরচ চালানো তার মতো একজন নিম্নবেতনভোগী কর্মচারীর পক্ষে অসম্ভব। এজন্য আর্থিক সাহায্য হিসাবে অত্র ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে ০১ (এক) দিনের লাঞ্ছভাতা পাওয়ার জন্য আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, মানবিক কারণে জনাব আবু হানিফ রেজা (এ-৩৮২৩) এর চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, পটুয়াখালী শাখায় পরিচালিত জনাব আবু হানিফ রেজা এর সঞ্চয়ী হিসাব নং-১৫২৬৪ তে ১ (এক) দিনের লাঞ্ছ ভাতা অথবা যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

  
০৭/০৫/২০১৭  
(মোঃ হুমায়ূন খালিদ)

উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।  
মানবিক কারণে সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। নথি/অফিস নথি।